গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ই-মেইল ঃ anandamohan1908@gmail.com

স্মারক নম্বর- আমোক/ই:/আ:/স্বা:/ন:/.. ৬৬৫০/২৩ তারিখ ঃ- ২৯ জ্যৈষ্ঠ-১৪৩০ বঙ্গাব্দ
১২ জুন ২০২৩ খ্রি.

**বিষয় ঃ আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ-এর ক্যাম্পাসে অবস্থিত অনুমোদিত ও মূল্যায়িত ১৯ (উনিশ) টি বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ মহোদয়ের ওয়েব সাইটে প্রকাশ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ-এর ক্যাম্পাসে অবস্থিত অনুমোদিত ও মূল্যায়িত ১৯ (উনিশ) টি বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ মহোদয়ের ওয়েব সাইটে প্রকাশ করা প্রয়োজন।

এমতাবস্থায়, নিলাম বিজ্ঞপ্তিটি আপনার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি ঃ** নিলাম বিজ্ঞপ্তি ১ কপি।

২২.০৬.২৩
প্রফেসর মোঃ নুরুল আফছার
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
ঝড়ে পরা বা পুরাতন গাছ কর্তন কমিটি
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬-৬৬৭৬৯,০২৯৯৬৬-৬৫৩৬৬।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ।

**নির্বাহী প্রকৌশলী**
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
ও
সদস্য
ঝড়ে পরা বা পুরাতন গাছ কর্তন কমিটি
ময়মনসিংহ।

**অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ ও সভাপতি, ঝড়ে পরা বা পুরাতন গাছ কর্তন কমিটি
২. উপাধ্যক্ষ, অত্র কলেজ
৩. বিভাগীয় বন কর্তকর্তা, ময়মনসিংহ বন বিভাগ ও সদস্য, ঝড়ে পরা বা পুরাতন গাছ কর্তন কমিটি
৪. প্রধান সহকারী, অত্র কলেজ
৫. হিসাব রক্ষক, অত্র কলেজ
৬. সংরক্ষণ নথি।

২২.৬.২৩
প্রফেসর মোঃ নুরুল আফছার
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
ঝড়ে পরা বা পুরাতন গাছ কর্তন কমিটি
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬-৬৬৭৬৯,০২৯৯৬৬-৬৫৩৬৬।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ই-মেইল ঃ anandamohan1908@gmail.com.

স্মারক নম্বর- ৯০১/২৩ তারিখ ঃ- ২৯ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১২ জুন ২০২৩ খ্রি.

# নিলাম বিজ্ঞপ্তি

আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ ক্যাম্পাসে অবস্থিত অনুমোদিত এবং মূল্যায়িত ১৯ (উনিশ) টি বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয়ের লক্ষ্যে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থার ভিত্তিতে আগ্রহী প্রকৃত ক্রেতা/ ব্যবসায়ী/প্রতিষ্ঠান কে নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে নিলামে অংশগ্রহণের জন্য দরপত্র দাখিলের আহ্বান করা যাচ্ছে।

বিবরণ : (বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ বন বিভাগ এবং রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, ময়মনসিংহ বন বিভাগ কর্তৃক প্রাক্কলিত)

| ক্রমিক নং | গাছের প্রজাতি | গাছের সংখ্যা | কাঠের পরিমাণ | জ্বালানী কাঠের পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | মেহগনি | ০৮ টি | ১৩৮.৩০ ঘঃ ফুঃ | ৩১.০০ ঘঃ ফুঃ |
| ০২ | শিশু | ০২ টি | ৯.৭৮ ঘঃ ফুঃ | ৪.০০ ঘঃ ফুঃ |
| ০৩ | রেইনট্রি | ০২ টি | ৫৬.৩৬ ঘঃ ফুঃ | ১০.০০ ঘঃ ফুঃ |
| ০৪ | কদম | ০২ টি | ৩০.৫৪ ঘঃ ফুঃ | ৭.০০ ঘঃ ফুঃ |
| ০৫ | ইউক্যালিপ্টাস | ০২ টি | ১২.৬৯ ঘঃ ফুঃ | ৪.০০ ঘঃ ফুঃ |
| ০৬ | অন্যান্য (বহেড়া) | ০২ টি | ১১.৩৫ ঘঃ ফুঃ | ৪.০০ ঘঃ ফুঃ |
| ০৭ | ঝড়ে পরা রেইনট্রি | ০১ টি | ১৪০.৮০ ঘঃ ফুঃ | ২০.০০ ঘঃ ফুঃ |
| মোট | | ১৯ টি | ৩৯৯.৮২ ঘঃ ফুঃ | ৮০.০০ ঘঃ ফুঃ |

গাছের অবস্থানের বিবরণ ঃ

| গাছের ক্রম | প্রজাতি | অবস্থান |
|---|---|---|
| ০১ | মেহগনি | অতিথি ভবন |
| ০২ | মেহগনি | অতিথি ভবন |
| ০৩ | মেহগনি | অতিথি ভবন |
| ০৪ | মেহগনি | অতিথি ভবন |
| ০৫ | অন্যান্য (বহেড়া) | অতিথি ভবন |
| ০৬ | শিশু | অতিথি ভবন |
| ০৭ | অন্যান্য (বহেড়া) | অতিথি ভবন |
| ০৮ | শিশু | অতিথি ভবন |
| ০৯ | রেইনট্রি | অতিথি ভবন |
| ১০ | কদম | অতিথি ভবন |
| ১১ | কদম | অতিথি ভবন |
| ১২ | মেহগনি | অতিথি ভবন |
| ১৩ | মেহগনি | অতিথি ভবন |
| ১৪ | মেহগনি | ৫ তলা নির্মানাধীন হোস্টেল সংলগ্ন |
| ১৫ | মেহগনি | ৫ তলা নির্মানাধীন হোস্টেল সংলগ্ন |
| ১৬ | ইউক্যালিপ্টাস | পুরাতন লাইব্রেরী সংলগ্ন |
| ১৭ | ইউক্যালিপ্টাস | পুরাতন লাইব্রেরী সংলগ্ন |
| ১৮ | রেইনট্রি | প্রধান ফটক সংলগ্ন |
| ১৯ | ঝড়ে পরা রেইনট্রি | নজরুল হল সংলগ্ন |

দরপত্র দাখিলের স্থান :

১. বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ।
২. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।

# নিলামের শর্ত ও নিয়মাবলী

১। আগ্রহী দরদাতাগণ আগামী ২০/০৬/২০২৩ খ্রি. মঙ্গলবার সকাল ০৯:৩০ ঘটিকা হতে বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত নিলাম দরপত্রসমূহ বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ অথবা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ - এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর/ডাকযোগে/কুরিয়ার সার্ভিস যোগে দরপত্র গ্রহণ করা হবে না।

২। আগামী ২০/০৬/২০২৩ খ্রি. মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকায় নিলাম দরপত্রসমূহ বিভাগী বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ -এ উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৩। নিলামকৃত ১৯ (উনিশ) টি গাছের জন্য একত্রে দর দাখিল করতে হবে।

৪। গৃহীত দরপত্র এর ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা বিবেচনা করা হবে।

৫। উদ্ধৃত দর এর ২০% (বিশ শতাংশ) নিরাপত্তা জামানত হিসেবে অধ্যক্ষ, আনন্দ মোহন ময়মনসিংহ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ দরপত্র জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দরপত্র বিবেচনা করা হবে না।

৬। নিলাম দরপত্রে উল্লেখিত মালামালসমূহ আগামী ১৫/০৬/২০২৩ খ্রি. বৃহস্পতিবার এবং ১৮/০৬/২০২৩ খ্রি. রবিবার সকাল ১১:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৭। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অবশিষ্ট ৮০% (আশি শতাংশ) মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ হতে কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষে মালামাল সমূহ গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

৮। বর্ণিত সকল মালামালসমূহ গ্রহণের পূর্বে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট- এর মাধ্যমে দেয় মোট মূল্যের উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর বাবদ অর্থসহ মোট মূল্য পরিশোধ করতঃ জমা দানের রশিদপত্র অধ্যক্ষ, আনন্দ মোহন কলেজ ময়মনসিংহ -এ দাখিল করতে হবে।

৯। নিজস্ব প্যাডে বিস্তারিত ঠিকানা (মোবাইল নম্বরসহ) ও স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে ভরে নিলাম দরপত্র দাখিল করতে হবে। দরপত্রে কোন কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১০। কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন এর মধ্যে মালামাল গ্রহণ করতে হবে।

১১। নিলামকৃত মালামালসমূহ প্রদানের সময় পরিমাণ কম বা বেশী হতে পারে।

১২। কোনরূপ কারণ দর্শানো ছাড়াই আংশিক/সম্পূর্ণ দরপত্র বাতিল করার ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৩। শর্ত বর্হিভূত কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ অনুযায়ী নিলামকৃত গাছগুলো কর্তনের পর বন বিভাগের সংশ্লিষ্ট দপ্তর হতে বনজদ্রব্যের "পাশ হাতুড়ির ছাপ" এবং কর্তনকৃত গাছগুলো পরিবহনের জন্য "বনজদ্রব্য পরিবহন পাশ" গ্রহণ করতে হবে।

21/05/2023

প্রফেসর মোঃ নুরুল আফছার
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬ -৬৬৭৬৯, ০২৯৯৬৬-৬৫৩৬৬

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ।